

বাংলাদেশ কৃষি ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা

কেন্দ্রীয় হিসাব বিভাগ-১

হিসাব পরিপত্র নং-১৪/২০১৯

তারিখঃ ১৯.০২.২০১৯

**বিষয়ঃ বাংলাদেশ কৃষি ব্যাংক সাধারণ হিসাবের সুদের হার পুনঃনির্ধারণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের ১৫.০৫.২০১৬ তারিখের পরিপত্র নং-প্রকা/হিসাব-১/পরিপত্র নং-১৮(১)/২০১৬ এর মাধ্যমে ০১.০৭.২০১৫ তারিখ হতে বিকেবি সাধারণ হিসাবে নিম্নবর্ণিত হারে সুদারোপ করার নির্দেশনা প্রদান করা হয়েছিল :

ক.	প্রধান কার্যালয় হতে তহবিল গ্রহণের ক্ষেত্রে সুদের হার	৭.৫০%
খ.	প্রধান কার্যালয়ে তহবিল প্রেরণের ক্ষেত্রে সুদের হার	৮.০০%


- ০২। চলতি অর্থবছরে ০৯.০৮.২০১৮ তারিখ থেকে সকল ঋণের সুদ হার একক অংকে সর্বোচ্চ ৯% এবং ০১.১০.২০১৮ তারিখ থেকে আমানতের সুদ হার সর্বোচ্চ ৬% নির্ধারণের প্রেক্ষিতে ডিপোজিট মিস্স অনুযায়ী অপেক্ষাকৃত কমসুদবাহী আমানত সংগ্রহে শাখাকে অধিকতর উৎসাহিত করা, তহবিল চাহিদা পূরণে প্রধান কার্যালয়ের উপর নির্ভরশীলতা হ্রাস, উদ্ধৃত তহবিল প্রধান কার্যালয়ে প্রেরণসহ তহবিল ঘাটতি পূরণ ও তহবিলের প্রবাহ বৃদ্ধিতে শাখাসমূহকে উৎসাহ প্রদান, শাখাকে বিনিয়োগে উৎসাহিত করা সর্বোপরি ঋণ পোর্টফলিওতে নির্বিঘ্নে অর্থায়নের লক্ষ্যে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বিকেবি সাধারণ হিসাব (আন্তঃশাখা লেনদেন) এর সুদের হার নিম্নরূপভাবে পুনঃনির্ধারণের সিদ্ধান্ত প্রদান করেন, যা ০১.০৭.২০১৮ তারিখ হতে কার্যকর বলে বিবেচিত হবে :

ক.	প্রধান কার্যালয় হতে তহবিল গ্রহণের ক্ষেত্রে সুদের হার	৭.০০%
খ.	প্রধান কার্যালয়ে তহবিল প্রেরণের ক্ষেত্রে সুদের হার	৮.৫০%

শাখাসমূহ আয়-ব্যয় হিসাব প্রস্তুতের সময় “বিকেবি সাধারণ হিসাব” হতে প্রাপ্ত/প্রদত্ত নীট সুদ উপর্যুক্ত হারে হিসাবায়ন করে যথারীতি নীট লাভ-ক্ষতি নির্ধারণ করবে।

- ০৩। এমতাবস্থায় বিকেবি সাধারণ হিসাবের পরিবর্তীত সুদের হারের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য পরামর্শ দেয়া হলো।

অনুমোদনক্রমে-


  
(মোঃ আবু জাফর হাওলাদার)  
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/হিসাব-১/১(৪)/২০১৮-২০১৯/৬৯০(১২৫০)

তারিখঃ ১৯.০২.২০১৯

**সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে প্রেরণ করা হলো :**

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।  
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।  
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর/অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।  
০৪। সকল মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।  
০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।  
০৬। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, প্রকা/স্থানীয় মুখ্য কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, ঢাকা।  
০৭। **উপমহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকাকে; পরিপত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।**  
০৮। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।  
০৯। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।  
১০। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।  
১১। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।  
১২। নথি/মহানথি।

  
(খান তামজিদ আহমেদ)  
সহকারী মহাব্যবস্থাপক